মেহেরপুরে মেরাজের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে মেরাজের গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৭ জানুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর জেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র কার্যালয়ে এই অনুষ্ঠান আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ।

স্বাগত বক্তব্য দেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবাইদুর রহমান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মডেল মসজিদের ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান। পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।
আলোচনা সভার সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলাম।

উক্ত আলোচনা সভায় বক্তারা মেরাজের ধর্মীয় গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন এবং ইসলামের শাশ্বত শিক্ষাগুলো সাধারণ মানুষের মাঝে ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

গাংনীতে যুবলীগ নেতার হামলায় বিএনপি নেতা ও তার ছেলে আহত

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের মহিষাখোলা গ্রামে ইউনিয়ন যুবলীগ হাফিজুর রহমান হাফিজ ধারালো অস্ত্র দিয়ে এলাপাতাড়ি কুপিয়ে গ্রাম বিএনপির নেতা আব্দুর রহিম (৬৫) ও তার ছেলে ফিরোজ

হোসেন (২৭) গুরুতর জখম করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

গতকাল রবিবার (২৬ জানুয়ারী) দিবাগত রাত ৯টার দিকে গাংনী উপজেলার মহিষাখোলা গ্রামের দক্ষিণ তেঁতুলবাড়ীয়া পাড়ায় এই হামলার ঘটনা ঘটে।

আহত আব্দুর রহিম ও তার ছেলে ফিরোজ হোসেন প্রথম গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ও পরে সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয়রা জানান, আজকে রাতে স্থানীয় মসজিদ নির্মাণকে কেন্দ্র করে কথা চলছিল। এসময় যুবলীগ নেতা হাফিজ ও বিএনপির স্থানীয় নেতা আব্দুর রহিমের মধ্যে কথাকাটাকাটি হয়। এর জের ধরে হাফিজ তার লোকজন ধারালো কুড়াল দিয়ে বিএনপি নেতা আব্দুর রহিমকে এলোপাতাড়ি কোপাতে থাকে। এসময় তার ছেলে ফিরোজ হোসেন তার বাবাকে বাঁচাতে এলে তাকে কুপিয়ে জখম করে। এসময় গুরুতর আহতাবস্থায় তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেস্কে ভর্তি করেন। পরে সেখানে তাদের অ্বস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

তারা আরও অভিযোগ করেন, যুবলীগ নেতা হাফিজুর রহমান হাফিজ দীর্ঘদিন যাবৎ তার নিজ ফেসবুকে বিএনপি ও প্রধান উপদেস্টা ডক্টর মোহাম্মদ ইউনুসসহ বর্তমান সরকারের বিভিন্ন উপদেষ্টাদের বিরুদ্ধে অপপ্রচার ও উস্কানিমুলক পোষ্ট দিয়ে থাকেন।

এদিকে এই হামলার পরপরই গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেস্কে আহতদের দেখতে যান এবং চিকিৎসার খোঁজ খবর নেন। তিনি হামলাকারী যুবলীগ নেতা হাফিজ ও তার সন্ত্রাসী বাহিনীর লোকজনকে অবিলম্বে গ্রেফতারের দাবী জানান।

এদিকে, এই হামলার পরপরই যুবলীগ নেতা হাফিজুলের বাড়িতে বিক্ষুব্ধ জনতা হামলা চালিয়ে ভাঙচুর করেছে বলে ফেসবুকে এসে লাইভ করে অভিযোগ করেছেন তিনি।

হাফিজ ফেসবুক লাইভে বলেছেন, আব্দুর রহিম ও তার লোকজন প্রথমে আমার বাড়িতে হামলা করেছে। আমাকে ও আমার পরিবারের লোকজনকে মারধর ভাঙচুর করেছে। তবে, লাইভ করার পরপরই পালিয়ে গেছেন হামলাকারী

যুবলীগ নেতা হাফিজুর রহমান হাফিজ ও তার লোকজন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, ঘটনার পরপরই পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি শান্ত করেন। এঘটনায় এখন পর্যন্ত কোনো মামলা হয়নি। তবে, এলাকায় কোনো অপ্রীতিকর পরিস্থিতি যেনো না ঘটে সেব্যাপারে পুলিশ টহল দিচ্ছে।

আহত পরিবারের পক্ষ থেকে মামলার প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

যুব সমাজের উদ্যোগে তাফসীরুল কুরআন মাহফিল

মেহেরপুরে আশরাফপুর যুব সমাজের উদ্যোগে তাফসীরুল কুরআন মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সন্ধ্যা আটটার দিকে আশরাফপুর যুব সমাজের উদ্যোগে অনুষ্ঠানের আয়োজনে মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নে আশরাফপুর ফুটবল খেলার মাঠ প্রাঙ্গনে তাফসীরুল কুরআন মাহফিল আয়োজন করা হয়।

আশরাফপুর যুব সমাজের উদ্যোগে তাফসীরুল কুরআন মাহফিল অনুষ্ঠানে আশরাফপুর বায়তুন নূর জামে মসজিদের সভাপতি মোঃ নাজাত আলী সভাপতিত্বে প্রধান বক্তা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামী আলোচক মিডিয়া ব্যক্তিত্ব ও জাতীয় কেরাত প্রতিযোগিতা পুরস্কারপ্রাপ্ত হযরত মাওলানা ক্বারী এম, আব্দুল্লাহ আল মামুন, (ঢাকা)

দ্বিতীয় বক্তা বিশিষ্ট ইসলামী চিন্তাবীদ মুফাসসিরে হাফেজ মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম, বিশেষ বক্তা বিশিষ্ট ইসলামী চিন্তাবীদ হযরত মাওলানা মোঃ ইসমাইল হোসেইন, আশরাফপুর যুব সমাজের উদ্যোগে তাফসীরুল কুরআন মাহফিল অনুষ্ঠানের সহযোগিতা আশরাফপুর গ্রামবাসী।

জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টে গাংনী উপজেলা চ্যাম্পিয়ন

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে মেহেরপুরে জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।
আজ রবিবার (২৬ জানুয়ারি) বিকালে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় বাস্কেট বল গ্রাউন্ডে মেহেরপুর সদর ও গাংনী উপজেলা পর্যায়ের অংশগ্রহণে এই ফাইনাল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ প্রতিপাদ্যে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে এবং ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

ফাইনালে গাংনী উপজেলা বাস্কেটবল দল ৬২-১৬ পয়েন্টের বিশাল ব্যবধানে মেহেরপুর সদর উপজেলা বাস্কেট বল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় টূর্ণামেন্টের শ্রেষ্ট খেলোয়ার নির্বাচিত হয়েছেন বিজয়ী দলের খেলোয়ার জাহেদুল ইসলাম জনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, উপজেলা বিআরডিবি অফিসার
অনুষ্ঠানের সাবির্ক দায়িত্ব পালন করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা ক্রীড়া

সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ আতর আলী।

সমাপনী অনুষ্ঠানের শুরুতে জুলাই আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শাহাদতবরণকারী শহিদদের রূহের মাগফেরাত এবং আহত ছাত্র-জনতার রোগমুক্তি কামনায় প্রার্থনা করা হয়।

পুরস্কার বিতরন শেষে বিজয়ী দল ও খেলোয়াড়দের আন্তরিক অভিনন্দন জানানোর পাশাপাশি আয়োজন সফল করার জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন অতিরিক্ত জেলা প্রশাসক।

এসময় বক্তরা বলেন, পড়ালেখা ছাত্রদের প্রধান কাজ হলেও খেলাধুলা আমাদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য দুটো গঠনে ভুমিকা রাখে। জাতীয় পর্যায়ে এই আয়োজন তরুন সমাজের দেশ গঠনে ভূমিকা রাখবে এবং আমাদের ক্রীড়ামোদী একটা সমাজ গড়ে তুলতে ভূমিকা রাখবে।

মেহেরপুরের চকশ্যামনগর সঃ প্রাঃ বিদ্যালয়ে শিশুবরণ

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন শিক্ষাবর্ষ উপলক্ষে শিশুবরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, বিদ্যালয়ে শিশু-বান্ধব পরিবেশ তৈরি এবং ঝরে পড়া রোধের লক্ষ্যে রবিবার (২৬ জানুয়ারি) সকাল ১০টায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযান-এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছাঃ হালিমা খাতুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিটিএ কমিটির সভাপতি মোঃ বারেক আলী। মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। তিনি তাঁর বক্তব্যে অভিভাবকদের

আরও সচেতন হওয়ার আহ্বান জানান, বিশেষ করে শিশুদের সঠিক পুষ্টি ও শীত উপযোগী পোশাক নিশ্চিত করার বিষয়ে।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, অভিভাবকগণ এবং ওয়াচ সদস্যরাও বক্তব্য প্রদান করেন। নতুন শিক্ষাবর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ফুল ছিটিয়ে ও মিষ্টি মুখ করিয়ে বরণ করা হয়। পাশাপাশি তাদের হাতে শিক্ষাসামগ্রী উপহার হিসেবে তুলে দেওয়া হয়।

মানবাধিকারধর্মী প্রতিষ্ঠান মউক প্রাথমিক বিদ্যালয়ের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন মানবাধিকারকর্মী কাজল রেখা এবং সার্বিক দায়িত্ব পালন করেন মউক-এর সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা।

মেহেরপুরে সেনা অভিযানে মাদক ও এয়ারগানসহ আটক ১

সেনাবাহিনীর অভিযানে একটি চাইনিজ একে ৪৭ ইয়ারগান, ইয়াবা, গাঁজা মিশ্রণের মেশিন ও চাকু সহ ইমরান হেলালি প্রিন্স (৩৬) নামের একজনকে মেহেরপুর শহর থেকে আটক করা হয়েছে।

রবিবার (২৬ জানুয়ারি) রাত পৌনে ৩ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত মেহেরপুর শহরের বড় বাজারে সেনাবাহিনী এই অভিযান পরিচালনা করে। আটককৃত ইমরান হেলালি প্রিন্স মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের সাবেক কমিশনার নকিব হেলালি মুকুলের ছেলে।

সূত্র জানায়, গোপন খবরের ভিত্তিতে রবিবার মধ্যরাতে বাংলাদেশ সেনাবাহিনীর ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সোহরাব হোসেনের নেতৃত্বে সেনাবাহিনীর একটি দল শহরের বড় বাজারে ইমরান হেলালি প্রিন্সের বাড়িেতে অভিযান চালায়। এসময় সেখান থেকে একটি চায়না Ak-47 এয়ারগান, ৩৭ পিস ইয়াবা, ১ টি গাঁজা মিক্সড রিফ্লিন্ডার মেশিন, ২ টি স্মার্টফোন ও ৩ টি দেশীয় ছুরি সহ প্রিন্সকে আটক করে। উদ্ধারকৃত অস্ত্র ও আটককৃতে

মেহেরপুর সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করে আইনী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুর থানার ওসি মেজবাহ উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আটককৃত প্রিন্সের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। এয়ারগানের ক্ষেত্রে আমরা সাধারণত একটি জিডি করে অস্ত্রটি জব্দ করি। উদ্ধারকৃত অস্ত্রটি যেহেতু চায়না একে ৪৭ মডেলের একটি এয়ারগান, এ ক্ষেত্রে আমরা এক্সপার্টদের সাথে আলোচনা করে মামলার বিষয়ে সিদ্ধান্ত নেব।

মেহেরপুরে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত

“ঐক্যবদ্ধ কাজ করি কুষ্ঠ মুক্ত দেশ গড়ি” এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব কুষ্ঠ দিবস।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের আয়োজনে রবিবার (২৬ জানুয়ারি) সকাল দশটার দিকে শহরের পৌর ঈদগাহ গেটের সামনে থেকে একটি র্যালি বের হয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে গিয়ে শেষ হয়।

পরে, সিভিল সার্জন অফিসের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে ১০ জন কুষ্ঠ রোগীদের মধ্যে কম্বল বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: মহী উদ্দীন আহমেদ, ডা: মোহাম্মদ ফজলুর রহমান, ডা: এস এম মাসুদুজ্জামান, ডা: উম্মে হোমায়রা আয়েশা, ডা: মো: ইনজামাম উল হক, ডা: কামরুন নাহারসহ জেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ।

মেহেরপুরে জামায়াত ইসলামী,র শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ জামায়াত ইসলামী মেহেরপুর ৬-নং ওয়ার্ড যুব বিভাগের উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে আজ শনিবার রাতে মেহেরপুর শহরের টি এন্ড টি এলাকায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান বলেন, স্বৈরাচারী শেখ হাসিনার আমলে প্রোগ্রাম তো দূরের কথা সাধারণ মানুষের সামনে দাঁড়াতে পারিনি হক কথা বলতে পারিনি অনেক নির্যাতনের শিকার হয়েছি গত ১৭ বছর পর আমাদের এই শীতবস্ত্র বিতরণ তবে আমরা লোক দেখানো কাজ করি না আমাদের প্ল্যান ছিল রাতে আধারে মানুষের বাসায় বাসায় পৌঁছে দেওয়া কিন্তু আজ মিডিয়ার সামনে কিছু মানুষকে বুঝিয়ে দিতে চাই আমরা একেবারে শেষ হয়ে যায়নি আমরা অসহায় গরীব দুঃখী মানুষের পাশে আছি থাকবো ইনশাআল্লাহ

মেহেরপুর জেলা জামায়েত ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান উপস্থিত থেকে শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ করেন। বাংলাদেশ জমায়েত ইসলামী মেহেরপুর ৬-নম্বর ওয়ার্ড যুব বিভাগের সভাপতি সৈয়দ নজরুল হাসান টুটুলের সভাপতিত্বে শীতবস্ত্র

বিতরণ অনুষ্ঠানের মধ্যে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, পৌর জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা ডলার, সমাজসেবক সাইফুল ইসলাম, ৬ নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর আমির জাহাঙ্গীর আলম।

মুজিবনগরে কৃষকদলের সমাবেশ

অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদলের উদ্যোগে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশের সংখ্যা গরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষে সারাদেশে তিন মাস ব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক সমাবেশের অংশ হিসেবে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন কৃষকদলের উদ্যোগে গতকাল শনিবার বিকাল ৪ টায় মুজিবনগর উপজেলার মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা চত্তরে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন কৃষকদলের সভাপতি রহিত মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা বিএনপি‘র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি আজিমউদ্দীন গাজী, জেলা যুবদলের যুগ্নআহবায়ক মেহেদী হাসান।

এসময় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা কৃষক দলের আহবায়ক আরমান আলী, যুগ্নআহবায়ক ও সাবেক ইউপি সদস্য রমজান আলী, সদস্য সচিব কুনুত আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি আজিমউদ্দীন গাজী প্রমুখ। সমাবেশটি পরিচালনা করেন জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদ।

মেহেরপুরে আওয়ামী লীগের ছয় আসামিসহ ৭ জন গ্রেফতার

বিএনপির নেতাকর্মীদের বাড়ি ঘরে হামলা ও অগ্নিসংযোগের অভিযোগে দায়ের করা মামলার পলাতক ছয় আসামিকে ও অপর একটি মামলায় আদালতের পরোয়ানাভূক্ত এক আসামিকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশে।

শনিবার (২৫ জানুয়ারি) ভোররাতে পুলিশের একটি বিরাট টিম পিরোজপুর গ্রাম ঘেরাও করে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ মেসবাহ উদ্দিন এই তথ্য নিশ্চিত করেন। গ্রেফতারকৃতরা হলেন, পিরোজপুর গ্রামের শিশুপাড়া এলাকার আব্দুল আওয়ালের ছেলে সিআর – ৮৮৬/২৪ মামলার পলাতক আসামি মোঃ মিকাইল (৩০), একই এলাকার একই মামলার অপর আসামি যথাক্রমে খোকন সর্দারের ছেলে মোঃ মেহেদী (২২), আনসার আলীর ছেলে আকিজুল ইসলাম (২২), মৃতু উকিল হোসেনের ছেলে আজাহার (৪৮), আসকর আলীর ছেলে মতিউর (৪৫), খোকন হোসেনের ছেলে সাইদুল ইসলাম (৩২) ও একই গ্রামের মৃত খোকন আলীর ছেলে সিআর ১১৭৫/২৪ নং মামলার আদালতের পরোয়ানাভূক্ত পলাতক মোহাম্মদ ইয়াছিন (৪৫)।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ উদ্দিনের নের্তৃত্বে সদর থানার উপপরিদর্শক (এসআই) এসআই প্রহলাদ রায়, এসআই মোঃ নাহিরুল ইসলাম, এসআই উজ্জল হোসেন, এসআই জহুরুল ইসলাম, এসআই বি এম রানা, এসআই স্বপন মন্ডল, এএসআই মোঃ মাহবুব আলম, এএসআই মোঃ মিরাজুল ইসলাম, এএসআই মোঃ শফিকুল ইসলাম, এএসআই মোঃ আশরাফুল আলম, এএসআই/মোঃ গোলাম হোসেন, এএসআই (নিঃ) মনিরুজ্জামানসহ, সংগীয় ফোর্স গ্রেফতার অভিযানে অংশ নেন।

ওসি সেখ মেসবাহ উদ্দিন জানান, আজ শনিবার (২৫ জানুয়ারি) বিকালে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানা গেছে, বিগত আগস্টের ৭ তারিখে আসামিরা পিরোজপুর গ্রামের বিএনপির ৩০ টি ঘর বাড়িতে হামলা ও অগ্নিসংযোগ করে। এঘটনায় স্থানীয় বিএনপি নেতা দয়াল হোসেন বাদি হয়ে আওয়ামী লীগ নেতা আব্দুস সালামকে প্রধান আসামি করে ২৫ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। মামলার পর থেকেই এসব আসামিরা পলাতক ছিলেন।

স্থানীয়রা জানান, সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হেসেনের ভগ্নিপতি জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস তার শ্যালক মন্ত্রী ফরহাদ হোসেনের ক্ষমতায় ওই এলাকার বিএনপি জামায়াতের শত শত নেতাকর্মী বাড়ি ছাড়া করেছিলেন। বিভিন্ন সময়ে মিথ্যা মামলা দিয়ে জেল জরিমানাসহ সারাবছর বাড়ি ঘরে হামলা, লুটপাট ও অগ্নিসংযোগ চালাতেন। পাঁচ আগস্ট প্রেক্ষপট পরিবর্তনের পরপরই বাবলু বিশ্বাস ও তার কাছের ক্যাডারা এলাকা ছাড়া হয়ে যান। পরে

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ইপর হামলা মামলায় গ্রেফতার হন বাবলু বিশ্বাস, তার তার স্ত্রী জেলা আওয়ামী লীগের সদস্য শামীম আরা হিরা, শ্যালক সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন গ্রেফতার হন। শামীম আরা হিরা জামিনে মুক্ত হলেও বর্তমানে বাবলু বিশ্বাস ও মন্ত্রী ফরহাদ হোসেন এখনো জেলে রয়েছেন।